



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/৪৩৬

তারিখঃ ২৫/০৪/২০২১


নিউজ এডিটর
সময় টেলিভিশন
ঢাকা।

বিষয় : সময় টিভিতে প্রকাশিত “ একদিকে লক ডাউন অন্যদিকে করোনা, তার উপর রমজান মাস- এমতাবস্থায় গত তিন মাস ধরে পানি পাচ্ছে না রাজধানীর শাহাজাদপুর এলাকার মানুষ” নিয়ে প্রকাশিত সংবাদের প্রতিবাদ প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত বৃহস্পতিবার, ২২ এপ্রিল, ২০২১ তারিখ আপনাদের 'সময় টেলিভিশন' এ বিকেল ৫ টায় প্রচারিত সংবাদে ঢাকা ওয়াসা মডস জোন-৮ এর আওতাধীন শাহাজাদপুর এলাকায় “একদিকে লক ডাউন অন্যদিকে করোনা তার উপর রমজান মাস এমতাবস্থায় গত তিন মাস ধরে পানি পাচ্ছে না রাজধানীর শাহাজাদপুর এলাকার মানুষ” শিরোনাম দেখিয়ে যে সচিত্র প্রতিবেদন প্রচার করা হয়েছে তা ভিত্তিহীন। প্রকৃতপক্ষে শাহাজাদপুর এলাকায় ১লা রমজান হতে কোন পানির চাহিদা এবং সংকট ছিল না বরং মডস জোন-৮ এর অন্যান্য এলাকার মতো শাহাজাদপুর এলাকাটিকে গুরুত্ব দিয়ে পানি সরবরাহ নিশ্চিত করা হয়েছে। প্রতিবেদন প্রচারের পর সরজমিনে শাহাজাদপুর এলাকা পরিদর্শন করে কোন বাড়িতে পানির সংকট /চাহিদার অভিযোগ পাওয়া যায়নি, শাহাজাদপুর এলাকার বাড়ি মালিকদের সাথে এ বিষয়ে আলোচনা করা হলে তারা জানান যে, বর্তমানে শাহাজাদপুর এলাকায় কোন পানির সমস্যা নেই। এমন কি সংবাদ প্রচারের দিন শাহাজাদপুর এলাকায় হতে ওয়াসা লিংক ১৬১৬২ এবং মডস জোন-৮ এর অভিযোগ কেন্দ্রে পানি সংকটের কোন অভিযোগ পাওয়া যায়নি। বাস্তব ভিডিও প্রতিবেদনে দেখা যায় যে, শাহাজাদপুর এলাকায় কয়েকটি বাড়ির পানির সমস্যা দেখিয়ে লক ডাউনের মধ্যে শাহাজাদপুর এলাকার সমস্যা নিয়ে সংবাদ প্রচার করেন। এটি উদ্দেশ্যমূলক, অনভিপ্রেত এবং দুঃখজনক।

এমতাবস্থায়, আলোচ্য ভিত্তিহীন রিপোর্টের আলোকে জনমনে যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে তা নিরসনে ঢাকা ওয়াসা'র বক্তব্যটি আপনার টেলিভিশন চ্যানেলে প্রচারের জন্য বিনীত অনুরোধ করা হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে


২৫/৪/২০২১

এ. এম. মোস্তফা তারেক
উপ প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।